

৩ Report



কুষ্টিয়া : ইবি ভিসির নিকট অর্ডিন্যান্সের কপি হস্তান্তর করা হচ্ছে

সংবাদ-১

## ইবিতে চালু হচ্ছে অভিন্ন গ্রেডিং পদ্ধতি

প্রতিনিধি, কুষ্টিয়া

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রস্তাবনা ও দিকনির্দেশনা অনুযায়ী অভিন্ন গ্রেডিং পদ্ধতির আলোকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের জনা প্রযোজ্য অর্ডিন্যান্সসমূহের একটি কপি অর্ডিন্যান্স প্রণয়ন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোঃ শওকত জাহাঙ্গীর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হকের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেছেন। এসময় উপস্থিত ছিলেন

অর্থনীতি বিভাগের প্রফেসর ড. আইনুল ইসলাম এবং তথ্য প্রকাশনা ও জনসংযোগ অফিসের উপ-পরিচালক গোলাম সাকলায়েন। হস্তান্তর অনুষ্ঠানে ভাইস-চ্যান্সেলর বলেন, অভিন্ন গ্রেডিং পদ্ধতি প্রবর্তনের ফলে বিশ্ববিদ্যালয়সমূহ তথা ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা আগেও সুসংহত এবং উন্নত হবে। অভিন্ন গ্রেডিং পদ্ধতি চলতি ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইসলামী বিশ্ববিদ্যালয়েও কার্যকর হচ্ছে।